# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৫. নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর আঙুলের মাঝ থেকে পানি প্রবাহিত করার মাধ্যমে মহান আল্লাহ তাকে যে সম্মানিত করেছেন তার বর্ণনা

بَاب مَا أَكْرَمَ اللَّهُ النَّبِيَّ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ تَفْجِيرِ الْمَاءِ مِنْ بَيْنِ أَصَابِعِهِ

আরবী

أَخْبَرَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ، وَسَعِيدُ بْنُ الرَّبِيعِ، قَالَا: حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ عَمْرِو بْنِ مُرَّةَ، وَحُصَيْنٍ، سَمِعَا سَالِمَ بْنَ أَبِي الْجَعْدِ، يَقُولُ: سَمِعْتُ جَابِرَ بْنَ عَبْدِ اللَّهِ رَضِيَ اللهُ عَنْهُمَا، قَالَ: أَصَابَنَا عَطَشٌ فَجَهَشْنَا، فَانْتَهَيْنَا إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ " فَوَضَعَ يَدَهُ فِي تَوْرٍ، فَجَعَلَ يَفُورُ كَأَنَّهُ عُيُونٌ، مِنْ خَلَلِ أَصَابِعِهِ "، وَقَالَ: " اذْكُرُوا اسْمَ اللَّهِ "، فَشَرِبْنَا حَتَّى وَسِعَنَا وَكَفَانَا، وَفِي حَدِيثِ عَمْرِو بْنِ مُرَّةَ: فَقُلْنَا لِجَابِرٍ: كَمْ كُنْتُمْ؟، قَالَ: كُنَّا أَلْفًا وَخَمْسَ مِئَةٍ وَلَوْ كُنَّا مِئَةَ أَلْفٍ لَكَفَانَا

إسناده صحيح والحديث متفق عليه

বাংলা

২৭. জাবির ইবনু আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহুমা বলেন, আমরা একদা পিপাসায় কাতর অবস্থায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর নিকট ছুটে গেলাম। তখন তিনি একটি তামার পাত্রে তাঁর একটি হাত রাখলেন, তখন তাঁর আঙ্গুলের ফাঁকসমূহের মধ্য থেকে ঝর্ণাধারার মত (পানি) উথলে উঠতে লাগল। তিনি বলতে লাগলেন: ’তোমরা আল্লাহর নাম স্মরণ করো অর্থাৎ বিসমিল্লাহ বলো।’ অতঃপর আমরা পর্যাপ্ত পরিমাণে পানি পান করলাম এবং তা আমাদের জন্য যথেষ্ট হয়ে গেল।

আমর ইবনু মুররাহ’র হাদীসে রয়েছে: ’আমরা জাবিরকে জিজ্ঞাসা করলাম, আপনারা সংখ্যায় কত জন ছিলেন? তিনি বললেন, আমরা সংখ্যায় দেড় হাজার জন লোক ছিলাম, আর যদি আমরা এক লক্ষও হতাম তবুও তা আমাদের জন্য যথেষ্ট হত।’[1]

## ফুটনোট

[1] তাহক্কীক: এর সনদ সহীহ। এটি বুখারী-মুসলিমের হাদীস।

তাখরীজ: বুখারী ৩৫৭৬, ৪১৫২, ৫৬৩৯; মুসলিম (৭২)১৮৫৬, (৭৩) ১৮৫৬; আহমাদ ৩/৩২৯, ৩৬৫।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=45792

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন